বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জেনারেল সার্ভিসেস শাখা
www.bgfcl.gov.bd

নম্বর: ২৮.১০.১২১৩.০০০.০৭২.০১.০০০৮.২৫.৪১

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: **ডেঙ্গু প্রতিরোধে সকলের করণীয় সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি।**

এতদ্বারা কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি সারাদেশে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব ও ভয়াবহতা বৃদ্ধি পেয়েছে। ইতোমধ্যে ভাইরাসজনিত এই রোগে সারা দেশে আক্রান্তের সংখ্যা ক্রমশঃ বাড়ছে এবং উল্লেখযোগ্য হারে প্রাণহানি ঘটছে। ডেঙ্গু প্রতিরোধে ইতোমধ্যে কোম্পানির প্রধান কার্যালয় কমপ্লেক্সে বিভিন্ন কার্যক্রম যেমন-নিয়মিত ফগার মেশিনের মাধ্যমে মশক নিধন ঔষধ ছিটানো; মেলাথিয়ন কীটনাশক স্প্রে করা; ময়লা-আবর্জনা নিয়মিত অপসারণ করা; আবাসিক ও অফিস ভবনসমূহের ছাদ ও আশেপাশের ময়লা-আবর্জনা পরিষ্কার করা এবং এডিস মশা বংশবিস্তার করতে পারে এমন সম্ভাব্য স্থানসমূহ ধ্বংস করা ইত্যাদি গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, কোম্পানির প্রধান কার্যালয়সহ অন্যান্য ফিল্ড/স্থাপনা/প্রকল্পসমূহে ডেঙ্গু প্রতিরোধে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করার জন্য অনুরোধ জানানো হলোঃ

১. ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার বংশবিস্তার রোধ করতে হবে। এজন্য এডিস মশা বংশবিস্তার করে এমন সম্ভাব্য স্থানসমূহ, যেমন-পরিত্যক্ত ক্যান, পানির বোতল, মাটির/প্লাস্টিকের পাত্র বা খেলনা, ডাবের খোসা, খালি চিপস্ বা বিস্কুটের প্যাকেট, টিনের কৌটা, পলিব্যাগ ইত্যাদি এবং আবাসিক ভবনসমূহের ময়লা-আবর্জনা যত্রতত্র স্থানে না ফেলে ডাস্টবিন/নির্ধারিত স্থানে ফেলতে হবে।
২. অফিস ও বাসস্থানসমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি ছাদে বা বেলকনিতে ব্যবহৃত ফুলের টব, রেফ্রিজারেটরের ট্রে ও এসির ইনারে যেন পানি জমে না থাকে তা নিজ নিজ জায়গা হতে নিশ্চিত করতে হবে।
৩. পূর্নাঙ্গ মশা লুকানোর স্থানসমূহ যেমন-সোফা, আলমারি, আসবাবপত্রের পিছনে ও পর্দার আড়ালে মশক নিধন ঔষধ ছিটাতে হবে।
৪. অফিস ও বাসস্থানসমূহের ভিতরে বা আশেপাশে যেন পানি জমে না থাকে, সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে।
৫. নিজ নিজ বাসাবাড়ীর চর্তুদিক পরিষ্কার রাখতে হবে।
৬. আবাসিক ভবনসমূহের নীচতলার সিঁড়ির নীচে পরিত্যক্ত/ভাঙা/অব্যবহৃত মালামাল রাখা যাবে না।
৭. দিনে/রাতে ঘুমানোর সময় মশারি টানিয়ে ঘুমাতে হবে।
৮. আক্রান্ত ব্যক্তিকে চিকিৎসকের পরামর্শ মোতাবেক দ্রুত হাসপাতালে নিয়ে যেতে হবে।
৯. ব্যক্তিগত পর্যায়ে ডেঙ্গু প্রতিরোধে নিজ নিজ জায়গা হতে সবাইকে সচেতন থাকতে হবে।

ডেঙ্গু প্রতিরোধে সকলের সহযোগিতা ও সচেতনতা একান্ত জরুরি।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

১৫-০৯-২০২৬
মোঃ আশরাফুল আলম
মহাব্যবস্থাপক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প সমন্বয়ক, বিজিএফসিএল।
৪। ব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
৫। ব্যবস্থাপক/ফিল্ড ইনচার্জ (চলতি দায়িত্ব), কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

